আজকের কাগজ

তারিখ ··· 06 JUL 1995 ···
পৃষ্ঠা ৬ কলাম ২ ···

10

# ঈশ্বরগঞ্জে শিক্ষকদের গাফিলতির জন্যে ৬৯০ জন ছাত্রী উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে বিদ্যালয় কর্তৃপক্ষের গাফিলতির কারণে থানার ৩টি উচ্চ বিদ্যালয়ের ৬শ' ৯০ জন ছাত্রী উপবৃত্তির আড়াই লাখ টাকা থেকে বঞ্চিত হয়েছে। জানা গেছে, ৬ষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণীর ছাত্রীদের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ৬ মাসের উপবৃত্তির টাকা পাওয়ার জন্যে ২০ ফেব্রুয়ারি ছিলো ফরম পূরণের শেষ তারিখ। কিন্তু ঈশ্বরগঞ্জ থানার সোহাগী, জাটিয়া, মধুপুর এ ৩টি উচ্চ বিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী নির্দিষ্ট সময়ে ফরম পূরণ না করায় ৬৯০ জন ছাত্রী উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হয়। ৩টি বিদ্যালয়ের মধ্যে জাটিয়া উচ্চ বিদ্যালয়ের ১৮৫ জন ছাত্রী ৬৮ হাজার ৫০ টাকা, সোহাগী উচ্চ বিদ্যালয়ের ২৭৭ জন ছাত্রী [illegible] উচ্চ বিদ্যালয়ের ২২৮ জন ছাত্রী ৭২ হাজার ৯শ' ১৫ টাকা শিক্ষকমণ্ডলীর গাফিলতির কারণে পায়নি। এ নিয়ে ছাত্রী অভিবাবক মহলে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছে। অপরদিকে অভিবাবক মহলের এক অভিযোগে জানা যায়, উপবৃত্তির টাকা পাবার আশায় দরিদ্র অভিভাবকরা মেয়েদের ছবি উঠিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। একটি নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, প্রথম ৬ মাসের উপবৃত্তির টাকা থেকে যে সব বিদ্যালয় বঞ্চিত হয়েছে পরবর্তী ৬ মাসের উপবৃত্তির টাকা না পেলে ৩টি বিদ্যালয়ের ৬৯০ জন ছাত্রীর ক্ষতির পরিমাণ দাঁড়াবে ৫ লক্ষাধিক টাকা। যা দরিদ্র ছাত্রীদের জন্যে হবে চরম ক্ষতির কারণ। আর এ ক্ষতিগ্রস্ততার জন্যে দায়ি হবেন কাণ্ডজ্ঞানহীন শিক্ষকরাই। ঈশ্বরগঞ্জ থেকে এমএ হালিম।